

# কলকাতায় জিএসডব্লিউ সিমেন্টের প্রথম দু'টি স্টোর

নিজস্ব প্রতিবেদন: জিন্দাল গ্রুপের জেএসডব্লিউ সিমেন্ট লিমিটেডের দুটি প্রিমিয়ম ডিলার স্টোরের উদ্বোধন হল কলকাতায়। দেশে এই প্রথম সরাসরি ক্রেতাদের সিমেন্ট বিক্রি করবে ওই সংস্থা। একটি স্টোর কৃষ্ণপুর-হানাপাড়ায়, অন্যটি নিউ আলিপুরে। চলতি বছর পশ্চিমবঙ্গে আরও ১০০টি স্টোর খোলার পরিকল্পনা রয়েছে। এই স্টোরগুলোর ক্ষেত্রে ৪ থেকে ৫ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে বলে জানানেন চিফ মার্কেটিং অফিসার পুষ্পরাজ সিং। বৃহস্পতিবার, প্রথম ডিলার স্টোর-মন্ডল

এন্টারপ্রাইসেস-এর উদ্বোধনে উপস্থিত ছিলেন জেএসডব্লিউ সিমেন্ট লিমিটেডের সহ-সভাপতি সূর্যায়ন মুখোপাধ্যায়-সহ অনার। এদিন পুষ্পরাজ সিং বলেন, 'ভারতে প্রথম প্রিমিয়ম দুটি স্টোর খোলা হল আজ শহরে। ভবিষ্যতে আরও দুটি স্টোর খোলা হবে কলকাতায় অর্থাৎ ৪টি মোট চারটি স্টোর হবে। গত বুধবার শালবনি প্ল্যান্ট থেকে সিমেন্ট বাজারে ছাড়া হয়েছে। ওই প্ল্যান্টে বছরে ২.৪ মিলিয়ন টন সিমেন্ট উৎপাদন করা হবে। চলতি বছর গোটা দেশে ৩০০টি স্টোর খোলার পরিকল্পনা রয়েছে।'